# সুমুদ ফ্লোটিলায় হামলা, সমুদ্র থেকে বার্তা দিলেন শহিদুল আলম



সংগৃহীত ছবি

গাজার উদ্দেশ্যে যাত্রা করা সুমুদ ফ্লোটিলার জাহাজ আলমা ইসরায়েলি হামলার শিকার হয়েছে। দৃক প্রতিষ্ঠাতা ও আলোকচিত্রী শহিদুল আলম নৌবহর থেকে দেওয়া ভিডিও বার্তায় জানান, আক্রমণের পর যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায় এবং এতে পুরো বহরে আতঙ্ক ছড়িয়ে পড়ে। তিনি সতর্ক করে বলেন, আলমার ওপর হামলা মানেই অন্যান্য জাহাজও ঝুঁকির মুখে।

গ্লোবাল সুমুদ ফ্লোটিলা গাজায় মানবিক সহায়তা পৌঁছে দিতে যাত্রা করছে। বুধবার (১ অক্টোবর) দিবাগত রাতে সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া ভিডিও বার্তায় শহিদুল আলম জানান, তারা বর্তমানে সমুদ্রে অবস্থান করছেন। হঠাৎ খবর আসে, বহরের অগ্রভাগে থাকা আলমা ইসরায়েলি বাহিনীর আক্রমণের মুখে পড়েছে। এর কিছুক্ষণ পরেই জাহাজটির সিগনাল বন্ধ হয়ে যায়।

শহিদুল আলম বলেন, "আমরা সবাই উদ্বিগ্ন। আমাদের জাহাজটি বহরের সবচেয়ে বড় এবং একেবারে পেছনে আছে। আলমার ওপর যা ঘটছে, তা আমাদের প্রতিও হতে পারে—এটাই আশঙ্কার বিষয়। বিভিন্ন দেশের যাত্রীরা নিজেদের দেশের নাগরিকদের কাছে ঘটনাটি জানাতে চেষ্টা করছেন।"

দুই ঘণ্টা পর দেওয়া আরেকটি ভিডিও বার্তায় তিনি জানান, সন্ধ্যার পর হঠাৎ সাগর উত্তাল হয়ে ওঠে, বজ্রপাত শুরু হয়। এই ঝড়ো পরিস্থিতির মধ্যেই তারা দ্রুত অগ্রসর হওয়ার চেষ্টা করছেন। কিন্তু বহরের সর্বশেষ অবস্থানে থাকায় অনিশ্চয়তা আরও বেড়ে যায়।

তার ভাষায়, "ইসরায়েল হামলা চালিয়ে আমাদের ভয় দেখানোর চেষ্টা করছে। তারা আলমাকে লক্ষ্য করে আসলে পুরো ফ্লোটিলাকেই হুমকি দিচ্ছে। আমরা সবাই ঝড়ের মধ্যে একসঙ্গে দাঁড়িয়ে আছি। বিশ্ববাসীকে বলছি—আপনারা যদি আমাদের পাশে থাকেন, সেই বার্তা আমরা পৌঁছে দেব। গাজার মানুষের জন্য এই সংগ্রামে আপনাদের সহমর্মিতা আমাদের শক্তি দেবে।"